

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

০৮ জানুয়ারি ২০২২ খ্রি.

**বীর্জা খালের বাঁধ অপসারণ করে
নাগরিক দুর্ভোগ লাঘব করতে হবে; মেয়র**

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী আজ শনিবার সকালে নগরীর ৬নং পূর্ব ষোলশহর ওয়ার্ডস্থ মোহনা কামিউনিটি সেন্টারে পাশে বীর্জা খালে সিডিএর অধীনে জলাবদ্ধতা নিরসনে বাস্তবায়নধীন মেগা প্রকল্পের ফলে জলাবদ্ধতায় সৃষ্ট নাগরিক দুর্ভোগ ও ভোগান্তি সরেজমিনে প্রত্যক্ষ করেন। এই সময় তিনি বলেন, ৬নং পূর্ব ষোলশহর, ১৭নং পশ্চিম বকলিয়া ও ১৮নং পূর্ব বকলিয়া ওয়ার্ডের বৃহত্তর বাকলিয়ায় বীর্জা খালের বিভিন্ন স্থানে বাঁধ দেয়ায় অত্র এলাকায় দূষিত পানি এই শুকনো মৌসুমেও জমাট হয়ে আছে। এমনকি বাড়ি-ঘর, দোকানঘাট ও ব্যবসা প্রতিষ্ঠানেও দূষিত পানি ঢুকে পড়ায় চরম নাগরিক দুর্ভোগ ও ভোগান্তি সহ্যের সীমা অতিক্রম করেছে। রাস্তা-ঘাট ও অলিতে গলিতেও দূষিত পানি স্থিত হয়ে থাকায় জনসাধারণের চলা ফেরা অসম্ভব হয়ে পড়েছে। ফলে জনস্বাস্থ্য নিরাপত্তার হুমকি হয়ে দাঁড়িয়েছে।

মেয়র আরো বলেন, সিডিএ জলাবদ্ধতা নিরসনে প্রকল্পের অধীন যে সকল খালে বাঁধ দিয়ে পানি চলাচলে প্রতিবন্ধকতা তৈরি করেছে তাদের বারবার তাগাদা দেয়া সত্ত্বেও সে সকল প্রতিবন্ধকতা অপসারণ করেনি। যার ফলে জমাটবদ্ধ দূষিত পানি জমে রাস্তাঘাট ও এলাকাবাসীর দোকান-পাঠ ও ঘর-বাড়িতে ঢুকে পড়েছে এবং বহুমাত্রিক নাগরিক দুর্ভোগ সৃষ্টি হচ্ছে। বিষয়টি প্রকল্প পরিচালককে অবহিত করা হলে তিনি তা অনুবাদ করেন। তিনি আরো বলেন, খালের বাঁধ অপসারণ না হওয়ায় বিদ্যমান নাগরিক দুর্ভোগ লাঘবে কোন সমন্বয় সাধনের প্রয়োজন পড়ে না। প্রকল্প বাস্তবায়ন কর্তৃপক্ষই এব্যাপারে যথাযথ কার্যকর পদক্ষেপ নিতে পারেন।

এসময় মেয়রের সাথে উপস্থিত ছিলেন মহানগর আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক নোমান আল মাহমুদ, ওয়ার্ড কাউন্সিলর এম. আশরাফুল আলম, নুরুল আলম মিয়া, ওয়ার্ড আওয়ামী লীগ নেতা শামসুল আলম, প্রকৌশলী সেলিম উল্লাহ, আবুল কালাম কন্ট্রোলার প্রমুখ।

**পূর্ব ষোলশহর ওয়ার্ডে স্বাস্থ্য সুরক্ষা ও শীতবস্ত্র বিতরণকালে মেয়র
উন্নয়নের অগ্রযাত্রা কোনভাবে ব্যাহত হতে দেয়া যাবে না**

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, দেশের উন্নয়ন অগ্রযাত্রাকে কোনভাবেই ব্যাহত হতে দেয়া যাবে না। দেশ আল উন্নয়নের মহাসড়ক বেয়ে দুর্বীর গতিতে এগিয়ে যাচ্ছে। এই অগ্রযাত্রা অনেকেরই সহ্য হচ্ছে না। মিথ্যা-বানোয়াট ও কাল্পনিক তথ্য দিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে জনগণকে বিভ্রান্ত করার চেষ্টা করছে স্বাধীনতা বিরোধী শক্তি। এই অপশক্তির বিরুদ্ধে বাংলাদেশ আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনকে রুখে দাঁড়াতে হবে এবং জনগণকে সঠিক তথ্য জানানো প্রত্যেক নেতা-কর্মীর ঈমানি দায়িত্ব হয়ে দাঁড়িয়েছে। তিনি আজ শনিবার সকালে পূর্ব ষোলশহর ওয়ার্ডস্থ একটি কামিউনিটি সেন্টারে শীতবস্ত্র ও স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন।

পূর্ব ষোলশহর ওয়ার্ড কাউন্সিলর এম. আশরাফুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় আরো বক্তব্য রাখেন মহানগর আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক নোমান আল মাহমুদ, ওয়ার্ড কাউন্সিলর নুরুল আলম মিয়া, ওয়ার্ড আওয়ামী লীগ নেতা শামসুল আলম, প্রকৌ. সেলিম উল্লাহ, মঞ্জুর হোসেন, কন্ট্রোলার আবুল কালাম, হুমায়ুন কবির, আনোয়ার হোসেন বাবুল, মো. হোসেন, মো. ইদ্রিস, কফিল উদ্দিন, কুতুব উদ্দিন, মো. আলমগীর, হাসান মুরাদ জকু, নূর উদ্দিন প্রমুখ।

মেয়র আরো বলেন, চট্টগ্রাম নগরীকে ওয়ান সিটি টু টাউন মডেলে গড়ে তোলার দীর্ঘ দিনের স্বপ্ন বাস্তবের দার প্রান্তে এসে কড়া নাড়ছে। এই অঞ্চলের মানুষের দীর্ঘ দিনের স্বপ্নের বঙ্গবন্ধু টানেল আগামী অক্টোবরে উদ্বোধনের কথা প্রধানমন্ত্রী ইতোমধ্যেই ঘোষণা দিয়েছেন। তাই এই নগরীকে সুন্দর রাখতে সকলকে প্রকৃত নাগরিক দায়িত্ব পালন করতে হবে। তিনি অসহায় শীতার্থ মানুষের পাশে দাঁড়াতে বিত্তবানদের এগিয়ে আশার আহ্বান জানান। সভাশেষে তিনি শীতবস্ত্র ও স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী বিতরণ করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩